দৈনিক ইত্তেফাক

১৪

তারিখ AUG. 02 1999
পৃষ্ঠা ৭৫ কলাম ৬

## জাতীয় বিশ্ববিদ্যালয় ভাংচুর

ইউএনবি ॥ গতকাল (রবিবার) কয়েকশত ডিগ্রী পরীক্ষার্থী তাহাদের পরীক্ষার ফল জানিতে না পারায় গাজীপুর জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাড়ী ও প্রশাসনিক ভবনের ক্ষতি সাধন করে। তাহারা গাজীপুর-ঢাকা মহাসড়কেও ব্যারিকেড দেয়। অভিযোগ করা হয় যে, গত শনিবার ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ করা হইলে বিশ্ববিদ্যালয় অধীনস্থ সকল কলেজে ফলাফলের শীট পাঠান হয় নাই। ফলে ঢাকার বাহিরের পরীকক্ষার্থীরা পরীক্ষার ফলাফল জানিতে পারে নাই।

এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, সকল কলেজে ফলাফল শীট পাঠান হইয়াছে।